

শিক্ষিত পরিবার

অরবিন্দ চক্রবর্তী

নাতি পড়ে অ আ ক খ,
পুত্রবধু নভেল,
পুত্র পড়ে ইকনমিক্ গেজেট,
মস্ত বড়ো আঁতেল।
কন্যা পড়েন প্রেম পত্র,
পাড়াতুতো দাদা
দিয়েছে, যখন নিতে এলো
কালী পূজোর চাঁদা।
গিন্নি পড়েন রামায়ন,
তার পায়ে গৌটে বাত,
কর্তা পড়েন মাসের খরচ
মাথায় দিয়ে হাত।

